জীবননগরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে জরিমানা

জীবননগরে আলো ডায়াগনস্টিক সেন্টারে বিভিন্ন অনিয়মের অভিযোগে ভ্রাম্যমাণ আদালতের অভিযান,চালিয়ে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

এ ভ্রাম্যমান অভিযান পরিচালনা করেন জীবননগর সহকারী কমিশনার (ভুমি) তিথি মিত্র। এ সময় তিনি বলেন,ফ্রি রোগী দেখার নাম করে সাদা কাগজে প্রেসক্রিপশন করে রোগীদের কাছ থেকে হাতিয়ে নেন মোটা অংকের টাকা বিভিন্ন সিন্ডিকেট এর মাধ্যমে তিনি এই কাজ করেন।

কিন্তু রাশেদ চেম্বার করার কথা থাকলেও অভিযানের কৌশলে তিনি সটকে পড়েন। কনসালটেন্সি সেন্টারের নাম করে নিবন্ধন নিলেও প্রতিদিন বসেনা কোন কনসাল্টেন্ট। কনসালটেন্ট সেজে দিনের পর দিন সাদা কাগজের প্রেসক্রিপশন।কনসালটেন্টের চেয়ারে বসে রাশেদ নিজেই। কিন্তু আজ অভিযান পরিচালনার সময় পাওয়া যায়নি ডি এম এফ ডাক্টার রাশেদ। এটাও এক প্রকার প্রতারণার শামিল বলে ধরনা করছে সাধারন রোগিরা।

এ অভিযানে সহযোগীতা করেন জীবননগর স্বাস্থ্য কমপ্লেক্সের আর এম ও মুস্তাফিজুর রহমান সুজন, সেনেটারী ইনস্পেকটর আনিসুর রহমান, ভূমি অফিসের কর্মকর্তা সহ জীবননগর থানা পুলিশের একটি টিম।

দামুড়হুদা-জীবননগরে পৃথক সড়ক দুর্ঘটনায় কলেজছাত্র সহ নিহত ২,আহত ১

চুয়াডাঙ্গার দামুড়হুদা ও জীবনগরে সড়ক দুর্ঘটনায় কলজ ছাত্র সহ ২ জনের মত্যু হয়েছে। পুলিশ জানায় আজ মঙ্গলবার দুপুরে দামুড়হুদা

উপজলার খলিশাগাড়ি গ্রামর মজিদ আলির ছেল সালমান আলি (৪২) আলমসাধু চালিয়ে বাজার থেকে বাড়ি আসছিল।

এ সময় স্থানীয় মোড় নিয়ন্ত্রন হারিয়ে নিজগাড়ির চাপায় ঘটনাস্থলেই সে মারাযায়। অপরদিকে দর্শনা-জীবননগর সড়কের উথলী মোল্লাবাড়ি পিকআপ-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষ সংঘটিত হয়েছে। এতে মোটরসাইকেল চালক কলেজ ছাত্র দর্শনা রামনগরের মেহফুজের মর্মান্তিক মৃত্য হয়েছে। গুরুতর অহত হয়েছে একই গ্রামের মোটরসাইকেল আরোহী নয়ন।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা পৌরসভার রামনগর গ্রামের সৌদি প্রবাসি হাসিবুলের ছেলে একই গ্রামের তার সহপাটি জিন্নার ছেলে নয়ন জীবননগর থেকে ফেরার পথে উথলী মোল্লাবাড়ি নামকস্থানে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি পিকআপ ভ্যানের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে গুরতর জখম হয় মেহফুজ ও নয়ন। তাদেরকে স্থানীয়রা দ্রত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসার উন্নতি না হলে কর্তব্যরত চিকিৎসক তাদের দুজনকে রাজশাহী রেফার্ড করেন।

রাজশাহী নেওয়ার পথে পথিমধ্যে মারা যায় মেহফুজ (১৮)। মেহফুজের লাশ গ্রামে আনা হলে স্বজনদের কান্নায় ভারী হয়ে উঠে বাতাস গ্রামে নেমে আসে শোকের মাতম। কোন অভিযোগ না থাকায় জনাজা শেষে স্থানীয় কবরস্থানে এক বেদনা বিধুর পরিবেশে দাফন সম্পর্ন করা হয়েছে।

এদিকে দৃর্ঘটনার পরপরই জীবননগর থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পিকাপভ্যান ও মোটরসাইকেল জব্দ করেছে জীবননগর থানা পুলিশ। এ বিষয়ে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম জাবীদ হাসান জানান, দুর্ঘটনার পর পালিয়ে গেছে ট্রাকের চালক ও সহকারি হেলফার। জব্দ করা হয়েছে ট্রাকটি।ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

দামুড়হুদায় পিকআপ ভ্যানের সাথে ধাক্কা; আলম সাধু চালকের মৃত্যু

দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের খলিসাগাড়ী গ্রামের আব্দুল মজিদের ছেলে সালমান হোসেন (১৭) নামের এক যুবক আলমসাধু চালক গাড়ির গতি নিয়ন্ত্রণ হারিয়ে পিকাপের সাথে ধাক্কা লেগে গাড়ি থেকে ছিটকে খাদে পড়ে মর্মান্তিক ভাবে নিহত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪ টার দিকে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের একটি মাঠ থেকে সালমান কলা ভর্তি আলমসাধু ফরিদপুর কাচা বাজারে বিক্রয়ের উদ্দেশ্যে যায়। কলা বিক্রয় শেষে বাড়ি আসার পথেই মধুখালী করিমপুরে এ সড়ক দুর্ঘটনা ঘটে।

সালমানের বাবা মজিদ জানান,আমার ছেলে কোন দিন এত দুর দুরান্তে গাড়ির ভাড়ায় যায়নি।কিন্তু গত সোমবার গাড়ির ভাড়া একটু বেশি পাওয়ার আশায় আলমসাধুতে কলা ভর্তি করে ফরিদপুরে যায়। সেখানে পৌঁছে কলা নামিয়ে আসার পথে পিকাপের ধাক্কায় সালমান নিহত হয়। স্থানীয় লাল্টু জানান, সালমান যখন আলমসাধু নিয়ে বাহির হয় তখন বলেছিলাম ওই রাস্তায় অনেক গতিরোধক(বিট) রয়েছে দেখে শুনে যাওয়ার অনুরোধ করেছিলাম কিন্তু তারপরও আলমসাধুর গতি নিয়ন্ত্রণ হারিয়ে সামনে থেকে আসা পিকাপের ধাক্কায় ছিটকে খাদে পড়ে নিহত হয়। আরও বলেন আনুমানিক ৩০/৪০ মিনিট পর সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে সালমানের মৃত লাশ উদ্ধার করেন। সালমানের পকেটে থাকা মোবাইল ফোনে ডাইল নাম্বারে যোগাযোগ করেন তার আত্মীয়স্বজনের নিকট।

পুলিশ সংবাদ দিলে সালমানের মরদেহের সন্ধান পাই পরিবারের লোকজন। তবে তার নিহতের সংবাদ ছড়িয়ে পড়লে গোটা গ্রামে শোকের ছায়া নেমে আসে।

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে আওয়ামীলীগের কর্মি সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে বিনোদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে এ কর্মি সভা অনুষ্ঠিত হয়।

কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, আওয়ামীলীগ হলো মাটি ও মানুষের সংগঠন। এ সংগঠনে লাখ লাখ নেতাকর্মি রয়েছে। একটি দলের প্রাণ হলো কর্মি।যে দলের কর্মি নেই, সেই দল কোন দলই না। আজকে ডাউকি ইউনিয়নের এই কর্মি সভা জনসভায় রুপ নিয়েছে। আমি এই কর্মি সভায় কর্মিদের উপন্থিতি দেখে অত্যন্ত খুশি হয়েছি। আজকে বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়ন করছে । দেশ আজ উন্নয়নের রোল মডেল। বিশ্ববাসী স্বীকৃতি দিচ্ছেন। আপনারা জনগণের কাছে গিয়ে নৌকায় ভোট চান। আমাদের ভোট চাওয়ার মত যথেষ্ট অর্জন রয়েছে ।

আমরা এ উপজেলার প্রতিটি রাস্তাঘাটের উন্নয়ন করেছি,স্কুলের বিল্ডিং করে দেওয়া হয়েছে। বিনামীল্য কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে। মানুষ আজ সুখে শান্তিতে বসবাস করছে।

এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, আগরতলা ষড়যন্ত্র মামলা দিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ফাঁসিতে ঝুলিয়ে হত্যার চেষ্টা করেছিলো পাকিস্তানিরা। বাংলার জনগণ একত্রে রাস্তায় নেমে আসেন। আমরা বঙ্গবন্ধুকে জেল থেকে মুক্ত করেছিলাম।

তিনি বলেন,মাননীয় প্রধানমন্ত্রী নৌকায় ভোট চেঢেছেন।আমি নৌকায় ভোট চেয়ে তৃণমূলের নেতাকর্মিদের নৌকায় ভোট চাওয়ার আহবান জানাচ্ছি।

ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি খবির উদ্দিনের

সভাপতিত্বে বিশেষ অতিথি হিনেবে বক্তব্য প্রদান করেন জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, জেলা আওয়ামীলীগ নেতা শওকত আলী, আরশাদ উদ্দিন চন্দন,জেলা যুবলীগের সাবেক আহবায় আরেফিন আলম রঞ্জু,চুয়াডাঙ্গা পৌর আওয়ামী লীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আব্দুল কাদের, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রশীদ।

ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগ সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান তরিকুল ইসলামের পরিচালনায় কর্মি সমাবেশে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,উপজেলা ভাইচ চেয়ারম্যান সালমুন আহমেদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন, আলম হোসেন,আতিয়ার রহমান, মাসুদ রানা তুহিন, কুমারী ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টু,সোহানুর রহমান সোহান,আসাদুল হক মিকা,জয়নাল আবেদীন,আব্দুল খালেক,রোকুনুজ্জামান নাহিদ,খাইরুল ইসলাম চুন্নু , সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ হোসাইন বাদসা,হাসান, গোলাম ছরোয়ার শামিম,রকি প্রমুখ।

দর্শনায় ফেনসিডলসহ দক্ষিন চাঁদপুরের জিন্না আটক

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ১০ বোতল ফেনসিডলসহ জিন্নাত আলী (৪২) কে আটক করেছে। সে দক্ষিন চাঁদপুর গ্রামের মাঝের পাড়ার আবুল কাসেমের ছেলে।

জানাযায় আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো:

শরিয়তউল্লাহ ও পরিদর্শক নাজমুল হোসেন খান উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে অভিযান চালায়, দর্শনা দক্ষিন চাঁদপুর গ্রামে।এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে মাদক ব্যাবসায়ী জিন্নাতের বসত বাড়ির ঘরের ভিতর তল্লাশী করে ১০ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় উপ পরিদর্শক আকবর হোসেন বাদী হয়ে আসামির বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে। আজ তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের উদ্দেশ্যে কেন্দ্রীয় ছাত্রলীগের প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ ছাত্রলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার উদ্দেশ্যে প্রেজ বিজ্ঞপ্তি দিয়েছে কেন্দ্রীয় ছাত্রলীগের নেতৃবৃন্দ।

গতকাল সোমবার কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয় আগামী দশ দিনের ভিতরে জেলা ছাত্রলীগের কর্মী সমাবেশ অনুষ্ঠিত করতে হবে।

এ সময় প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের এক জরুরী সিদ্ধান্ত মোতাবেক জানানো যাচ্ছে যে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে ছাত্র সমাজ ও তরুণ প্রজন্মকে ঐক্যবদ্ধ করতে ও সাংগঠনিক কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের আগামী ১০ দিনের ভিতরে কর্মী সমাবেশ অনুষ্ঠিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়ন যুব মহিলা লীগের আয়োজনে উঠান বৈঠক ও নৌকার পক্ষে গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় তিনি গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করেন এবং তিনি বলেন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদ তালেবানদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এ নির্বাচনে। এ সময় তিনি আরও বলেন, যদি মাটি ও পতাকাকে ভালোবাসেন তাহলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এসময় কর্মশালায় প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা পুলিশ নারী কল্যাণ সমিতি(পুনাক) এর সভাপতি ফরিদা ইয়াসমিন বলেন, নারীদের বয়সের সাথে বিভিন্ন রকম শারীরিক সমস্যা দেখা দেয়। সামাজিক মানসিক ভাবে নারীদের সুস্থ থাকতে হবে। প্রতিদিন বেড়ে ওঠা কে মেয়েদের অনেক কিছু শেখায়। স্বাস্থ্য সচেতনতা আরো বেড়ে উঠুক নারীরা এটাই আমরা আশা করি সবসময়। মাননীয় প্রধানমন্ত্রী ১০ টি বিশেষ শাখার মধ্যে নারীদের বিশেষ ভুমিকা ক্ষমতায়ন রেখেছে। মাননীয় প্রধানমন্ত্রী নারীদের স্বাস্থ্য সুরক্ষার ব্যাপারের বিশেষ নজরদারি করে আসছে। নারীদের সব রকম অধিকার অংশিদার করছে। আজকের নারীরা আগামি স্মার্ট বাংলাদেশে বির্নিমাণে কাজ করে আসছে। আগামিতেও করবে বলে মনে করি। আজকের এই কর্মশালার মধ্যে নারীরা আরো নতুন ভাবে জাগ্রত হবে।

এরপর কর্মশালা অংশগ্রহণকারি বালিকা শিক্ষার্থীদের উদ্দেশ্য সচেতনতা ও উদ্দীপনামুলক কথা বলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন।

কর্মশালার শেষ পর্বে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের নেতৃত্বে কর্মশালা সভার অংশগ্রহণকারি সকল বালিকা শিক্ষার্থীরা মাদক ও বাল্যবিবাহকে লাল কার্ড দেখানো হয়।

আলমডাঙ্গার মোল্লা গ্রুপের চেয়ারম্যান ব্যবসায়ী সহিদুল হক মোল্লাকে সংবর্ধনা

দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন এফবিসিসিআই নির্বাচনে পরিচালক পদে বিপুল ভোটে বিজয়ী আলমডাঙ্গার বন্ডবিল গ্রামের কৃতি সন্তান দেশের বিশিষ্ট ব্যবসায়ী মোল্লা গ্রুপের চেয়ারম্যান সহিদুল হক মোল্লা শিপলেনকে বন্ডবিল গ্রামের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ সোমবার বিকেলে বন্ডবিল গ্রামে এ সংবর্ধনার আয়োজন করা হয়। এর পূর্বে সহিদুল হক মোল্লাকে মোটর সাইকেল শোভাযাত্রার মাধ্যমে সংবর্ধনা সভায় নিয়ে আসা হয়। পরে তাকে ফুলেল শুভেচ্ছায় শিক্ত করেন

গ্রামবাসী।

সংবর্ধনা সভায় প্রধান অতিথির বত্তব্যে শহিদুল হক মোল্লা বলেন, এফবিসিসিআই সংগঠনটি বাংলাদেশের সবচেয়ে শীর্ষ ব্যবসায়ী সংগঠন।এ সংগঠনের একজন পরিচালক হিসেবে বিজয় অত্যন্ত কঠিন একটা কাজ। দেশের বড় বড় ব্যবসায়ী সংগঠনের ভোটের মাধ্যমে বিজয় অর্জন করতে হয়। এফবিসিসিআই এর ভোট ইন্টার ন্যাশনাল ভোট, সংসদে যেমন ৩০০ আসনে ভোট হয়, এফবিসিসি আই এর সভাপতিসহ ৮০ জন। ৩৩ জন এসোসিয়েশন,২৩ জন চেম্বার আর ডিরেক্ট কিছু আসে। যাহোক আপনাদের সকলের দোয়ায় আমি নির্বাচনে বিজয়ী হয়েছি। এই বিজয়, আলমডাঙ্গার মানুষের বিজয়,এটা বন্ডবিল গ্রামের মানুষের গর্বের বিষয়।

তিনি বলেন,মন্ত্রী এমপিদের মততো আমাদের সুযোগ নেই,তবে আমরা দেশের জন্য কাজ করবো। দেশের বাইরে থেকে আমরা বিনিয়োগ নিয়ে আসবো। ইতপূর্বে আমরা দেশের জন্য সাড়ে ৯:হাজার কোটি টাকার হালাল খাদ্য নিয়ে এসেছিলাম।

তিনি আরও বলেন,আমরা মুজিব বর্ষ উপলক্ষে আলমডাঙ্গা উপজেলায় কয়েকটি ঘর নির্মাণ করে দিয়েছি,আমাদের বন্ডবিল গ্রামে যদি কারো ঘর না থাকে আমার মেজো ভাইয়ের সাথে যোগাযোগ করলে আমরা করে দিবো। এছাড়াও গ্রামের মানুষের সহযোগিতায় আমাদের হাত প্রসারিত থাকবে।

সালাউদ্দিন পিনটুল মোল্লার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী শিপলেন মোল্লার মেজো ভাই লিয়াকত আলী লিপু মোল্লা।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন ছোট ভাই আমিনুল হক অপু মোল্লা, ভাতিজা টিংকু মোল্লা, স্বজল মোল্লা, ৯ নং ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম। সাবেক কাউন্সিলর মামুন আর রশিদ হাসানের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন স্কুল শিক্ষক বাবু, শফি উদ্দিন মোল্লা, পারভেজ হোসেন, ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শহিদ মোল্লা, সাধারণ সম্পাদক শাফায়েতুল ইসলাম, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা সৈয়দ আলী, মসজিদের খতিব হাজি হানেফ আলী।

এদিকে, আলমডাঙ্গায় ৮৯ ব্যাচ বন্ধু সংগঠনের পক্ষ থেকে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই’র পরিচালক পদে বিজয়ী আলমডাঙ্গার কৃতি সন্তান সহিদুল হক মোল্লাকে সংবর্ধনা প্রদান করেন।

দামুড়হুদায় বিভাগীয় রোড মার্চ সফল করতে পথসভা ও লিফলেট বিতরণ

দামুড়হুদা উপজেলা বিএনপির উদ্যোগে খুলনায় বিভাগীয় রোড মার্চ সফল করতে পথসভা ও লিফলেট বিতরণ কর্মসূচি পালন করা হয়েছে।

কেন্দ্রীয় কর্মসূচি’র অংশ হিসাবে অবৈধ,ফ্যাসিষ্ট শেখ হাসিনার সরকারের পদত্যাগ ও তত্বাবধায়ক সরকারের দাবী প্রতিষ্ঠার লক্ষে খুলনা বিভাগীয় রোড মার্চকে সফল করতে সকল পর্যায়ের নেতাকর্মীদের উপস্থিতিতে সর্বসাধারণের মধ্যে মাঝে লিফলেট বিতরণের করা হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মো: মনিরুজ্জামান মনির ও সাধারণ সম্পাদক মো: রফিকুল হাসান তনু’র নেতৃত্বে লিফলেট বিতরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা দলের সভানেত্রী ও জেলা বিএনপির সদস্য ছালমা জাহান পারুল,উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম।

ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম,বিএনপির অন্যতম নেতা জহিরুল ইসলাম রিপন,উপজেলা যুবদলের যুগ্ম আহব্বায়ক আরিফুল ইসলাম আরিফ,উপজেলা ছাত্রদলের আহব্বায়ক আফজালুল রহমান সবুজ সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।